

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০২৬.২০১৫- ৭৭৭

তারিখ : ১৭ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ।
০২ অক্টোবর, ২০১৭ খ্রিঃ।

বিষয় : চাঁদপুর জেলার সদর উপজেলাধীন লক্ষ্মীপুর মডেল ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ মিজানুর রহমান মৃধা সরকারের বিনানুমতিতে বিদেশ গমন করেছেন বিষয় তঁার বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ জারী সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, চাঁদপুর কার্যালয়ের স্মারক নং-৭৪৩, তারিখ : ১৭/০৮/২০১৭ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলার লক্ষ্মীপুর মডেল ইউনিয়নের সদস্য মিজানুর রহমান মৃধা এর বিরুদ্ধে গত এপ্রিল, ২০১৭ তারিখ থেকে পরিষদের সভায় অনুপস্থিত এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিদেশে গমনের অভিযোগটি তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ক) ও (জ) অনুযায়ী তিনি স্বীয় পদ থেকে অপসারণযোগ্য। তাঁকে সদস্য পদ থেকে অপসারণপূর্বক পদ শূণ্য ঘোষণা করা আবশ্যিক। তবে অপসারণের পূর্বে বিধি মোতাবেক তাঁকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করতে হবে। তাই জনাব মিজানুর রহমান মৃধা এর সদস্য পদ কেন শূণ্য ঘোষণা করা হবেনা তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. সৈয়দা নওশীন পর্ভিনী)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ মিজানুর রহমান মৃধা সরকার
সদস্য, ০৩ নং ওয়ার্ড
লক্ষ্মীপুর মডেল ইউনিয়ন পরিষদ
চাঁদপুর।

অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক, চাঁদপুর (উল্লিখিত সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক সদস্যের নিকট হতে জবাব সংগ্রহ করে তঁার মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।